২০	অফিস ভবন	১১৪৩ বঃ ফুট	৩১৪.৭১		৩১৪.৬৫	১০০%
২১	আবাসিক ভবন ও পরিদর্শন বাংলো	৩৯৬৯ বঃমিঃ	১১৯৪.০০		১১৯৪.০০	১০০%
২১	সীমানা প্রাচীর (সীমানা প্রাচীরের উপর তাঁর কাঁটা, সাব-স্টেশন ভবন, সেন্টট্রি বক্স, কম্পাউন্ড রোড, মাস্টার ড্রেন ও পাম্প হাউজ)	৮২৬ রাঃমিঃ	৩৬৬.০০		৩৬৬.০০	১০০%
২২	স্যানিটেশন ও পানি সরবরাহ		১৭৫.০০		১৭৫.০০	১০০%
২৩	বহিঃ ও অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ		৩৩১.০০		৩৩০.৫৩৬	১০০%

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	উপ-মোট মূলধন ব্যয়:		**২৮৬৫.৯৭**		-	
(গ)	ফিজিক্যাল কন্টিজেন্সি		০.০৫		-	
(ঘ)	প্রাইস কন্টিজেন্সি		০.১০		-	
	সর্বমোট (ক+খ+গ)		**২৯৪৮.০০**		**২৯৪০.৭৪১**	

বর্ণিত ছকের তথ্য বিশ্লেষণ এবং PCR পর্যালোচনা করে দেখা যায়, বাস্তবায়িত প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি শতভাগ হলেও প্রকল্পটি নির্ধারিত বাজেট ও সময়ে বাস্তবায়িত হয়নি। এর Cost Overrun ৮০%এবং Time Overrun ৬৭%।

৭.০ **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটির আওতায় উল্লেখযোগ্য কোন কাজ অসমাপ্ত নেই।

৮.০ **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ **পটভূমি:**

৮.১.১ ভৌগলিক অবস্থানের কারণে বাংলাদেশ একটি প্রাকৃতিক দূর্যোগ প্রবণ এলাকা । এদেশে প্রতি বছর বন্যা, খরা, কালবৈশাখী, টর্ণেডো, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস ইত্যাদির মত প্রাকৃতিক দূযোর্গ সংগঠিত হয় এবং সম্পদের ক্ষয় ক্ষতি ও প্রাণহানি ঘটে । এ সকল প্রাকৃতিক দূর্যোগের কারনে কৃষি উৎপাদনে ব্যাপক ক্ষতি হয়ে থাকে । তাছাড়া বৈশ্বিক আবহাওয়া পরিবর্তণের কারণে বাংলাদেশকে প্রতিনিয়তই বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ যেমন: Tropical cyclone with associated storm surge, Severe storm, Local severe thunderstorms, Heavt rain fall, flood, Draught, Cold wave, Heat wave, Nor-wester, tornado ইত্যাদির মোকাবেলা করতে হচ্ছে । এত বিভিন্ন সম্পদ, গবাদি পশু এবং মানব জীবনের উপর বিরূপ প্রভার পড়ছে। যথাযথভাবে নির্ভরযোগ্য আবহাওয়ার সঠিক পূর্বাভাস/বার্তার মাধ্যমে এ ক্ষয়-ক্ষতি সর্বনিম্ন পর্যায়ে হ্রাস করা সম্ভব ।

৮.১.২ এই আলোকে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আওতায় বর্তমানে মোট ৩৫টি আবহাওয়া পর্যবেক্ষণাগার রয়েছে এবং এদের সবগুলোই পুরনো। এর মধ্যে ৩২টি পর্যবেক্ষণাগার "Numerical Weather Prediction System" শীর্ষক প্রকল্পের আওতায় আপগ্রেড করা হয়েছে । অবশিষ্ট ০৩টি পর্যবেক্ষণাগারের মধ্যে আলোচ্য ০২টি পর্যবেক্ষণাগার নির্ভরশীল আবহাওয়া পর্যবেক্ষণাগার (DMO), সিলেট এবং পাইলট বেলুন পর্যবেক্ষণাগার (PBO), নোয়াখালী প্রায় একশ বছর পূর্বে অর্থ্যাৎ ১৯১২-১৩ সালে নির্মিত হয়েছিল । সিলেটের DMO টি ৩১.০২.২০১০ সালের দূর্যোগে বেশ ক্ষতিগ্রস্ত হয় । অন্যদিকে ফেনীতে অবস্থিত PBOটি নিম্নভূমিতে অবস্থিত হওয়ায় প্রায় সময়ই বৃষ্টির পানিতে ডুবে যায় । ফলে পরিচালনার জন্য লোকবলের বাসস্থানসহ ভবনসহ অফিস ভবন বিশেষভাবে ক্ষতিগ্রস্থ হয় ।

এমতাবস্থায় স্বয়ংক্রিয় পদ্ধতিতে ডাটা সংগ্রহ এবং কর্মকর্তা/কর্মচারীদের বাসসস্থানের নিমিত্ত ''সিলেটস্থ নির্ভরশীল আবহাওয়া অফিস, ফেণীস্থ পাইলট বেলুন পর্যবেক্ষণাগার উন্নয়ন ও সম্প্রসারণ " শীর্ষক প্রকল্পটি মোট ১৬.২৯ কোটি টাকা সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ হতে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৩.০৮.২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় ।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্য:** আবহাওয়া উপাত্ত বিশ্লেষণ ও পূর্বাভাস পদ্ধতির মান উন্নয়নের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনার জন্য অধিকতর নির্ভুল আবহাওয়া তথ্য ও উপাত্ত সরবরাহ করা এ প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

* সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যাদি পরিচালনার জন্য ব্যবহার অনুপযোগী সিলেট ও ফেণী আবহাওয়া পর্যবেক্ষণাগারের অবকাঠামোসহ পর্যবেক্ষণ গ্রহণ পদ্ধতির আধুনিকায়ন;
* ডিজিটাল মিটিওরোলজিক্যাল যন্ত্রপাতিসহ টেলিযোগাযোগ ব্যবস্থা উন্নয়ন;

* সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যাদি পরিচালনার স্বার্থে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের জন্য সিলেটে আবাসিক বাসস্থান ও পরিদর্শন বাংলো নির্মাণ;
* সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যাদি পরিচালনার স্বার্থে অপারেশনাল কাজে নিয়োজিত কর্মকর্তাদের জন্য আগারগাঁও, ঢাকা-এ কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ।

৮.৩ **প্রকল্পের মূল কার্যক্রম:**

(ক) বিদ্যমান জরাজীর্ণ পর্যবেক্ষণাগার দু'টির জন্য নতুন অফিস ভবন নির্মাণ;
(খ) ডিজিটাল মেটোরিওলজিক্যাল যন্ত্রপাতি সংগ্রহ;
(গ) সিলেট পর্যবেক্ষণাগারটির পরিচালনার দায়িত্বে থাকা কর্মকর্তা/ কর্মচারীদের আবাসিক বাসস্থান নির্মাণ;
(ঘ) সুষ্ঠভাবে অপারেশনাল কার্যাদি পরিচালনার স্বার্থে অপারিশনাল কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের জন্য আগারগাও, ঢাকা-তে বাসস্থান নির্মাণ।

৮.৪ **অনুমোদন ও সংশোধন:** প্রতিরক্ষা মন্ত্রণালয় অধীন ''সিলেটস্থ নির্ভরশীল আবহাওয়া অফিস, ফেণীস্থ পাইলট বেলুন পর্যবেক্ষণাগার উন্নয়ন ও সম্প্রসারণ (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে মোট ১৬২৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে গত ১৩.০৮.২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় পরবর্তীতে ০৯.১১.২০১৫ তারিখে প্রকল্পটির ব্যয় ৮৫৫.৭৫ লক্ষ টাকা বৃদ্ধি সহ মোট ২৪৪৮.৭৫ লক্ষ টাকায় বাস্তবায়নকাল আরো ২৪ (চব্বিশ) মাস বৃদ্ধি অর্থাৎ জুলাই,২০১৩ হতে জুন, ২০১৬ এর পরিবর্তে জুলাই,২০১৩ হতে জুন, ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করে ১ম সংশোধন করা হয়। ২য় বার ১২.০৪.২০১৭ তারিখে প্রকল্পটির মেয়াদবৃদ্ধি ব্যতিরেকে ব্যয় ৪৯৯.২৫ লক্ষ টাকা বৃদ্ধি সহ মোট ২৯৪৮.০০ লক্ষ টাকা পর্যন্ত বৃদ্ধি করে ২য় সংশোধন করা হয়। অনুমোদনের পর প্রকল্পটি ২য় বার সংশোধন করা হয়ছে। এই সংশোধনের ফলে ৮০% Cost Overrun এবং ৬৭ % Time Overrun হয়েছে। ইহা Time Bound (সময়াবদ্ধ) পরিকল্পনার পরিপন্থী।

৮.৫ **প্রকল্প ব্যবস্থাপনা :**

ক্রমিক নং	প্রকল্প পদবী	কার্যকাল		প্রকল্প পরিচালকের ধরন
		আরম্ভ	শেষ	
১	মোঃ মোজাম্মেল হক তরাফদার উপ পরিচালক (ইঞ্জিঃ)	০১.০৭.২০১৩	০৪.১১.২০১৪	খন্ডকালীন
২	মোঃ আজিজুর রহমান উপ পরিচালক	০৫.১১.২০১৪	৩০.০৬.২০১৮	পূর্ণকালীন

৮.৬ **মূল্যায়ন পদ্ধতি (**Methodology): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
(গ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

৯.০ প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ

৯.১ আর্থিক অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	প্রকল্প মেয়াদে (জুন, ২০১৮ পর্যন্ত) আর্থিক অগ্রগতি
১	২	৩	৪
২০১৩-১৪	১৯১.০০	১৯১.০০	১৮৯.৭৫৫ (৯২%)
২০১৪-১৫	৫০০.০০	৫০০.০০	৪৯৯.৩৩১ (৯৮%)
২০১৫-১৬	৮৬৬.০০	৮৬৬.০০	৮৫৭.৯৮৭ (৯৮%)
২০১৬-১৭	৬৫০.০০	৬৫০.০০	৬৪৯.৪৪৮ (১০০%)
২০১৭-১৮	৭৪৬.০০	৭৪৬.০০	৭৪৪.২১৯ (৯৯.৯৯%)

বর্ণিত তথ্যে দেখা যায়, সংশোধিত এডিপি অনুযায়ী প্রকল্পের অনুকুলে বরাদ্দ থাকলেও যথা সময়ে প্রকল্পটি বাস্তবায়িত হয়নি। মূল অনুমোদন অপেক্ষা ৬৭% Time overrun এর মধ্যে দিয়ে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

৯.২ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন	মন্তব্য
সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যাদি পরিচালনার জন্য ব্যবহার অনুপযোগী সিলেট ও ফেণী আবহাওয়া পর্যবেক্ষণাগারের অবকাঠামোসহ পর্যবেক্ষণ গ্রহণ পদ্ধতির আধুনিকায়ন;	প্রকল্প বাস্তবায়নের ফলে ব্যবহার অনুপযোগী সিলেট ও ফেণী আবহাওয়া পর্যবেক্ষণাগারের অবকাঠামোসহ পর্যবেক্ষণ গ্রহণ পদ্ধতির আধুনিকায়ন করা হয়েছে মর্মে PCR এ উল্লেখ করা হয়েছে।	আবহাওয়া পর্যবেক্ষণাগারের জন্য নির্মিত অফিস ভবনের কক্ষে কয়েক স্থানে ড্যাম পরিলক্ষিত হয়েছে। দ্রুত মেরামত করা প্রয়োজন।
ডিজিটাল মিটিওরোলজিক্যাল যন্ত্রপাতিসহ টেলিযোগাযোগ ব্যবস্থা উন্নয়ন;	PCR পর্যালোচনা করে দেখা যায়, ৪.২৩ কোটি টাকার যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে ডিজিটাল মিটিওরোলজিক্যাল যন্ত্রপাতিসহ টেলিযোগাযোগ ব্যবস্থা উন্নয়ন সম্পন্ন হয়েছে ।	Automatic Weather System) স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালীন সময়ে দেখা যায়, বর্ণিত AWS যন্ত্রটি সঠিকভাবে কাজ করছে না।
সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যাদি পরিচালনার স্বার্থে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের জন্য সিলেটে আবাসিক বাসস্থান ও পরিদর্শন বাংলো নির্মাণ;	অপারেশনাল কার্যাদি পরিচালনার স্বার্থে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের জন্য সিলেটে আবাসিক বাসস্থান ও পরিদর্শন বাংলো নির্মাণ সম্পন্ন হয়েছে ।	সিলেটে আবাসিক বাসস্থানে ফ্ল্যাট ফাকা রয়েছে। ফলে সরকার রাজস্ব হারাচ্ছে এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জন ব্যাহত হচ্ছে।
সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যাদি পরিচালনার স্বার্থে অপারেশনাল কাজে নিয়োজিত কর্মকর্তাদের জন্য আগারগাঁও, ঢাকা-এ কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ।	অপারেশনাল কাজে নিয়োজিত কর্মকর্তাদের জন্য আগারগাঁও, ঢাকা-এ কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ সম্পন্ন হয়েছে ।	পরিদর্শনকালীন সময়ে দেখা যায়, কর্মকর্তাদের বাসস্থানের জেনারেটরটি অকার্যকর।

১০.০ **মনিটরিং:** পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পটি বাস্তবায়নাধীন অবস্থায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন ও অন্যান্যদের কর্তৃক সময় সময়ে মনিটরিং করা হয় । তবে এ মনিটরিং সংক্রান্ত কোন প্রতিবেদন প্রকল্প পরিচারক সরবরাহ করতে পারেননি। সেই মনিটরিং এর প্রেক্ষিতে কি ধরনের নির্দেশনা ছিল এবং তা কতটুকু প্রতিপালন করা হয়েছে সে বিষয়টি PCR এ উল্লেখ না থাকায় জানা গেল না। যে কোনো পর্যায়ের কর্মকর্তার মনিটরিং হলে পর্যবেক্ষন সহ একটি প্রতিবেদন থাকা আবশ্যক।

১১.০ **অডিট:**

১১.১ **অভ্যন্তরীণ অডিট: প্রকল্পটির আওতায় অভ্যন্তরীণ অডিট এখনও সম্পন্ন হয়েছে ।**

১১.২ **External Audit: প্রকল্পটির আওতায় এখনও External Audit সম্পন্ন হয় নাই ।**

১২.০ **প্রকল্প পরিদর্শন:** আইএমইডি'র পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর উপ-পরিচালক জনাব বাবুলাল রবিদাস, কর্তৃক প্রকল্প এলাকা সিলেট এবংসর্বশেষ ঢাকায় গত ৪/১২/২০১৯ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাস্তবায়নকারী সংস্থার অন্যান্য কর্মকর্তাগণ তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন।

১৩.০ **প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতি:** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)পর্যালোচনা ও সরেজমিনে পরিদর্শনের ভিত্তিতে প্রধান প্রধান অংগের আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে দেয়া হলো:

১৩.১ <u>নতুন অফিস ভবন নির্মাণ :</u>

সংশোধিত অনুমোদিত DPP'তে ৩.১৪ কোটি টাকা ব্যয়ে ১১৪৩ বঃ মিঃ আয়তনের ২টি অফিস ভবন নির্মাণের সংস্থান ছিল।

PCR পর্যালোচনা, সরজমিনে পরিদর্শন এবং সংস্থার তথ্য উপাত্ত বিশ্লেষনে দেখা যায় সিলেটস্থ আবহাওয়া পর্যবেক্ষণাগারে

৯২০.০০ বর্গমিটার আয়তনের ২-তলা ভিত সহ ২-তলা অফিস ভবন নির্মাণের যাবতীয় কাজ অনুমোদিত নকসা অনুযায়ী সম্পন্ন হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান।



চিত্র-১ সিলেটের নতুন অফিস ভবন।

গণপূর্ত অধিদপ্তর সিলেট কর্তৃক ভবন নির্মাণের কাজ সম্পন্ন করে আবহাওয়া অধিদপ্তরকে হস্তান্তর করা হয়েছে। পরিদর্শনে গিয়ে দেখা যায়, নির্মিত ভবনটি আবহাওয়া পর্যবেক্ষণ কাজে ব্যবহৃত হচ্ছে। পরিদর্শনকালে নির্মিত ভবনের বেশ কয়েক স্থানে ড্যাম পরিলক্ষিত হয়। এ বিষয়ে পূর্তকাজ সম্পাদনকারী সংস্থার কর্মকর্তাগণ জানান, পরিলক্ষিত ত্রুটি বিচ্যুতিগুলো ঠিকাদারের Defact Libility Period এর আওতায় দ্রুত করা হবে। এছাড়া ফেনীস্থ পাইলট বেলুন পর্যবেক্ষনাগারে ২২৩.০০ বর্গমিটার আয়তনের চার তলা ভিত বিশিষ্ট দোতলা অফিস ভবন টাঃ ১১২.৫৭ লক্ষ ব্যয়ে নিমার্ণ করা হয়েছে। আলোচ্য অফিস ভবন ২টি বর্তমানে অপারেশণাল কাজে ব্যবহৃত হচ্ছে।

১৩.২ ডিজিটাল মেটোরিওলজিক্যাল যন্ত্রপাতি সংগ্রহ: পিসিআর পর্যালোচনা এবং সরজমিনে পরিদর্শনে দেখা যায় Automatic Weather System (Including with Relative Humidity Sensors, Atmospherie Pressure Sensors Wind Speed Sensors, Wind Direction Sdensors, Rainfall /Precipitation Sensors, Soil Moisture Sensor Solar Radiation Senors, Lightening Protector, Data Logger and Transmission GSM/GPRS Modem, Power Supply System Enclosure Server, 170-Piece Mechanics tool set ইত্যাদি সিলেটস্থ নির্ভরশীল আবহাওয়া পর্যবেক্ষণাগার ও ফেনীস্থ পাইলট বেলুন পর্যবেক্ষণাগারে ২টি Automatic Weather System (AWS) , সিলেট পর্যবেক্ষনাগারে একটি রইন সন্ডি যন্ত্র এবং ফেনী ও সিলেট কেন্দ্রের জন্য বিভিন্ন ধরণের কনভেনশনাল আবহাওয়া যন্ত্রপাতিসহ টেলিমেট্রি যন্ত্রপাতি ২৩৭.৯০ লক্ষ ব্যয়ে স্থাপন করা হয়েছে।



চিত্র:২ সিলেট কেন্দ্রে স্থাপিত যন্ত্রপাতি।

উভয় পর্যবেক্ষণাগার হতে কনভেনশনাল আবহাওয়া যন্ত্রপাতি ব্যবহার করে প্রতি ৩ ঘন্টা অন্তর অন্তর ভূ-পৃষ্ঠের পর্যবেক্ষণ, রইন সন্ডি যন্ত্র ব্যবহার করে প্রতিদিন একটি উর্ধ্ব আকাশের পর্যবেক্ষণ এবং Automatic Weather System (AWS) ব্যবহার করে প্রতি ১০ মিনিট অন্তর অন্তর Real time পর্যবেক্ষণ স্বয়ংক্রিয়ভাবে ঢাকাস্থ কেন্দ্রীয় সার্ভারে যুক্ত হচ্ছে বলে প্রকল্প সংশ্লিষ্টরা জানান। এছাড়া সিলেট ও ফেনী আবহাওয়া পর্যবেক্ষণাগারের জন্য ২টি Digital Pilot Balloon Theodolites ৫৪.৯৮ লক্ষ ব্যয়ে সংগ্রহ করা হয়েছে। এর সাহায্যে বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের পর্যবেক্ষণ প্রতি ৬ ঘন্টা অন্তর অন্তর গ্রহণ করা হচ্ছে। বেলুনে হাইড্রোজেন গ্যাস দ্বারা ভর্তির জন্য ১০৯.৭৩ লক্ষ টাকা ব্যয়ে ২টি portable Hydrogen Gas generator ক্রয় করা হয়েছে। এ গ্যাস জেনারেটর ২টির সাহায্যে হাইড্রোজেন গ্যাস উৎপন্নে কোন রাসায়নিক পদার্থ ব্যবহার হচ্ছে না কেবল পানি থেকে এ গ্যাস উৎপন্ন করা সম্ভব হচ্ছে। এসকল যন্ত্রপাতির সাহায্যে গৃহিত উপাত্ত আবহাওয়া পূর্বাভাস ও সতর্কবাণী প্রদানে ব্যবহৃত হচ্ছে। পরিদর্শনকালীন সময়ে সিলেট কেন্দ্রের সংশ্লিষ্ট আবহাওয়া অফিসার জানান, Gas generator টি সঠিকভাবে কাজ করছে না। পরিলক্ষিত ত্রুটি মেরামত করা প্রয়োজন।

১৩.৩ আবাসিক বাসস্থান নির্মাণ:

অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি অনুযয়ী ঢাকাস্থ সদর কার্যলয় চত্বরে ২৭৮৫.০০ বর্গফুট আয়তনের ৯ তলা ভিত বিশিষ্ট ৯ তলা আবাসিক ভবন ৯৮৩.০৯ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা হয়।



চিত্র:৩ আবহাওয়া অফিসার্স কোয়াটার।

৯ তলা আবাসিক ভবনের অভ্যন্তরীন ও বহিঃস্থ বৈদ্যুতিক কাজ, ০৮(আট) জনের ৬০০ কেজির ৯ স্টপ প্যাসেঞ্জার লিফট এবং ৪৫ কেভিএ ডিজেল জেনারেটরসহ যাবতীয় কাজ সর্বমোট ১২১.৭৮ লক্ষ টাকা ব্যয়ে সম্পন্ন করা হয়। এছাড়া সিলেটস্থ নির্ভরশীল আবহাওয়া কার্যালয় চত্বরে ২৩০.০০ বর্গফুট আয়তনের পরিদর্শন বাংলো, ৫৬৫.০০ বর্গফূট আয়তনের ২ ইউনিটের ৪ তলা ভিত বিশিষ্ট ৪ তলা অফিসার্স কোয়াটার



চিত্র:৪ সিলেটে কর্মকর্তাদের জন্য কোয়াটার নির্মাণ।

যথাক্রমে ৬৩.১৮ লক্ষ টাকা, ১৪৮.৫২ লক্ষ টাকা এবং ১১৩.৫২ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা হয়। আবাসিক ভবনসমূহে অপারেশনাল কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ বসবাস করেছেন। এক্ষেত্রে দেখা যায়, সিলেটের কয়েকটি ফ্ল্যাট এখনও ফাঁকা আছে।

১৩.৪ **ভূমি উন্নয়ন:**

ফেনীস্ত পাইলট বেলুন পর্যবেক্ষনাগারে ১ম পর্যায়ে ৭,১৬৮.০০ ঘঃমিঃ ভূমি উন্নয়ন কাজ ২২.৭৬ লক্ষ টাকা ব্যয়ে সম্পন্ন করা হয়। মাটি Settle/ Compressed হওয়ার পর পরবর্তীতে ১,০০০.০০ ঘঃমিঃ ভূমি উন্নয়ন টা: ৪.০০ লক্ষ ব্যয়ে সম্পন্ন করা হয়।

ভূমি উন্নয়নের পূর্বে জলাবদ্ধতার সৃষ্টি হত, তবে মাটি ভরাটের পর প্রকল্প সাইটে কোন জলাবদ্দতা নেই। যন্ত্রপাতিসমূহ সুরক্ষিত আছে এবং পর্যবেক্ষণ গ্রহণে কোন অসুবিধার সন্মুখীন হচ্ছে না।

১৩.৫ **সীমানা প্রাচীর নির্মাণ :**

ঢাকাস্থ সদর কার্যালয় চত্বরে ২৭৮৫.০০ বর্গফূট আয়তনের ৯তলা ভিত বিশিষ্ট ৯তলা আবাসিক ভবনের চারিপার্শ্ব কেপিআই সীমানা থেকে পৃথক করায় আবাসিক ভবনটির চারদিকে ১১১.০০ রাঃমিঃ সীমানা প্রাচীর ১০.৭২ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা হয়। এছাড়া ফেনীস্থ পাইলট বেলুন পর্যবেক্ষণাগারে ৭১৫.০০ রাঃমিঃ সীমানা প্রাচীর ৩৭.৭৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা হয়।

১৪.০ **উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ** **:** প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৫.০ **পর্যবেক্ষণ:**

১৫.১ প্রকল্পের আওতায় সিলেটস্থ নির্ভরশীল আবহাওয়া পর্যবেক্ষণাগার কেন্দ্রে Automatic Weather System (AWS) স্থাপন করা হয়েছে। এই যন্ত্রটি ব্যবহার করে প্রতি ১০ মিনিট অন্তর অন্তর Real Time পর্যবেক্ষণ তথ্য স্বয়ংক্রিয়ভাবে ঢাকাস্থ কেন্দ্রীয় সার্ভারে যুক্ত হওয়ার কথা। পরিদর্শনকালীন সময়ে বর্ণিত AWS যন্ত্রটি সঠিকভাবে কাজ করছে না বলে জানা যায়।

১৫.২ নির্মিত অফিস ভবনের যে কক্ষে AWS যন্ত্র স্থাপন করা হয়েছে তার কয়েক স্থানে ড্যাম পরিলক্ষিত হয়েছে। ফলে স্থাপিত যন্ত্রপাতিগুলোর কার্যক্ষমতা নষ্ট হতে পারে।

১৫.৩ প্রকল্পের আওতায় সিলেটস্থ নির্ভরশীল আবহাওয়া পর্যক্ষেণাগারের ক্যাম্পাসে Over Head লাইটিং করা হয়েছে। পরিদর্শনকালীন সময়ে দেখা যায়, Over Head লাইটগুলো অীধকাংশ খুলে গেছে এবং অকার্যকর হয়ে গেছে। ফলে ক্যাম্পাসে রাতের সময়ে অন্ধকারচ্ছন্ন হয়ে থাকে। ক্যাম্পাসের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে।

১৫.৪ সিলেটস্থ নির্ভরশীল আবহাওয়া পর্যবেক্ষণাগার কেন্দ্রে প্রকলেপর আওতায় একটি জেনারেটর সরবরাহ করা হয়েছে। বিদ্যুৎ চলে গেলে তাৎক্ষনিকভাবে জেনারেটরটি চালু হওয়ার কথা থাকলেও পরিদর্শনকালীন সময়ে বিদ্যুৎ চলে গেলেও জেনারেটরটি চালু হয়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা বলেন, জেনারেটরটি বর্তমানে অকার্যকর হয়ে আছে।

১৫.৫ সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যাদি পরিচালনার স্বার্থে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের জন্য সিলেটে আবাসিক বাসস্থান বাবদ দু'টি কোয়াটার প্রকল্পের অর্থায়নে নির্মাণ করা হয়েছে। অথচ কোয়াটারগুলি পুরোপুরি ব্যবহার হচ্ছে না।

১৫.৬ প্রকল্পের আওতায় সিলেটে আবাসিক বাসস্থান ও পরিদর্শন বাংলো নিয়মিত রক্ষণাবেক্ষণের নিমিত্তে পিডব্লিউডি এর বুকে অন্তর্ভুক্ত করা হয়নি। ফলে আবাসিক বাসস্থান ও পরিদর্শন বাংলো প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ ব্যহত হচ্ছে।

১৫.৭ ডিপিপি'র সংস্থান অনুযায়ী আবহাওয়ার প্রধান কার্যালয়ে গণপূর্ত অধিদপ্তর শেরে বাংলা নগর কর্তৃক ৯তলা ভীতে ৯তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ করে আবহাওয়া অধিদপ্তরের কাছে হস্তান্তর করা হয়েছে। পরিদর্শনকালীন সময়ে দেখা যায়, ভবনে তিন ফেইজে বিদ্যুৎ লাইন দেয়া হয়েছিল। সে-অনুযায়ী জেনারেটর ও লিফট চলার কথা । সংযোগ দেয়ার পরে বিদ্যুৎ লাইনের একটি ফেইজ অকার্যকর হয়ে পড়ে । ফলে লিফট অকার্যকর ও আবাসিক ফ্ল্যাটের এক অংশে বিদ্যুৎ থাকে না।

১৫.৮ অনুমোদনের পর প্রকল্পটি ২য় বার সংশোধন করা হয়ছে। এই সংশোধনের ফলে ৮০% Cost Overrun এবং ৬৭% Time Overrun হয়েছে। ইহা Time Bound (সময়াবদ্ধ) পরিকল্পনার পরিপন্থী।

১৬. মতামত/ সুপারিশ:

১৬.১ সিলেট কেন্দ্রে Automatic Weather System (AWS) যন্ত্রটিতে যে ত্রুটি পরিলক্ষিত হয়েছে তা দ্রুত মেরামত করতে হবে;(অনুচ্ছদ-১৫.১)

১৬.২ নির্মিত অফিস ভবনের যে কক্ষে AWS যন্ত্র স্থাপন করা হয়েছে তার কয়েক স্থানে ড্যাম পরিলক্ষিত হয়েছে। ফলে স্থাপিত যন্ত্রপাতিগুলোর কার্যক্ষমতা নষ্ট হতে পারে। দ্রুত মেরামত করতে হবে;(অনুচ্ছদ-১৫.২)

১৬.৩ Over Head লাইটগুলো অীধকাংশ খুলে গেছে এবং অকার্যকর হয়ে গেছে। ফলে ক্যাম্পাসে রাতের সময়ে অন্ধকারচ্ছন্ন হয়ে থাকে। ক্যাম্পাসের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। অনতিবিলম্বে মেরামত করতে হবে;(অনুচ্ছদ-১৫.৩)

১৬.৪ সিলেটস্থ নির্ভরশীল আবহাওয়া পর্যবেক্ষণাগার কেন্দ্রে প্রকলেপর আওতায় একটি জেনারেটর সরবরাহ করা হয়েছে।বিদ্যুৎ চলে গেলে তাৎক্ষনিকভাবে জেনারেটরটি চালু হওয়ার কথা থাকলেও পরিদর্শনকালীন সময়ে বিদ্যুৎ চলে গেলেও জেনারেটরটি চালু হয়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা বলেন, জেনারেটরটি বর্তমানে অকার্যকর হয়ে আছে। অনতিবিলম্বে মেরামত করতে হবে;(অনুচ্ছদ-১৫.৪)

১৬.৫ সিলেট কেন্দ্রর কোয়াটারগুলি পুরোপুরি ব্যবহার হচ্ছে না। এ বিষয়ে আবহাওয়া অধিদপ্তর কার্যকরী ব্যাবস্থা গ্রহণ করতে পারে;

১৬.৬ প্রকল্পের আওতায় সিলেটে আবাসিক বাসস্থান ও পরিদর্শন বাংলো নিয়মিত রক্ষণাবেক্ষণের নিমিত্তে পিডব্লিউডি এর বুকে অন্তর্ভুক্ত করার নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে;

১৬.৭ আবহাওয়ার প্রধান কার্যালয় সংলগ্ন অফিসার কোয়াটারে ৩ ফেইজে বিদ্যুৎ লাইন দেয়া হয়েছিল। সে অনুযায়ী জেনারেটর ও লিফট চলার কথা। সংযোগ দেয়ার পরে বিদ্যুৎ লাইনের একটি ফেইজ অকার্যকর হয়ে পড়ে। ফলে লিফট অকার্যকর ও আবাসিক ফ্ল্যাটের এক অংশে বিদ্যুৎ থাকে না। অনতিবিলম্বে বিদ্যুৎ লাইন মেরামত করতে হবে;(অনুচ্ছদ-১৫.৭)

১৬.৮ সংস্থা কর্তৃক ভবিষ্যৎতে প্রকল্প গ্রহণে Time bound পরিকল্পনা গ্রহণ করতে হবে। যাতে Time overrun এবং Cost overrun পরিহার করা যায়। (অনুচ্ছেদ-১৫.৮)

বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড অটোমেশন পদ্ধতি স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ জুন, ২০১৮)

১.০ প্রকল্পের নাম : "বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড অটোমেশন পদ্ধতি স্থাপন" (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প ।

২.০ প্রশাসনিক মন্ত্রণালয়: প্রতিরক্ষা মন্ত্রণালয় ।

৩.০ বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড ।

৪.০ প্রকল্পের অবস্থান: সদর দপ্তর বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, শান্তিনিবাস রংপুর এবং ২০ জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম, রাঙ্গামাটি, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, ময়মনসিংহ, ফরিদপুর, খুলনা, যশোর, সিলেট, জামালপুর, টাংগাইল, কুষ্টিয়া, বগুড়া, রংপুর, রাজশাহী, দিনাজপুর এবং পাবনা) ।

৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রকল্প ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্র: সা:	মোট টাকা প্র: সা:	মোট টাকা প্র: সা:					
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪৮৫.০০ ১৪৮৫.০০	১৫৪৭.০০ ১৫৪৭.০০	১৫৩৮.৮১ ১৫৩৮.৮১	জানুয়ারী, ২০১৫ হতে জুন,২০১৬	জানুয়ারী,২০১৫ হতে জুন,২০১৮	জানুয়ারী,২০১৫ হতে জুন,২০১৮	৩.৬২%	১৩৩.৩৩ %

৬.০ **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ		পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
		একক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব					
১	স্টেশনারী	থোক	থোক	৪.৫০	থোক	৪.৪৯৮
২	বিজ্ঞাপন	থোক	থোক	৫.৫০	থোক	৫.৪৯৪
৩	যানবাহন	থোক	থোক	৯.৫০	থোক	৯.৪৯৫
৪	কনসালটেন্সি	থোক	থোক	৩.০০	থোক	২.৫
৫	সম্মানী ভাতা	থোক	থোক	৪.০০	থোক	৩.৯৯৪
৬	প্রশিক্ষণ	থোক	থোক	৩০.০০	১২০ জন	২৯.৯৫৫
	উপমোট (রাজস্ব):	--	--	**৫৬.৫০**	--	**৫৫.৯৩৬**
	মূলধন ব্যয়ঃ					
৭	যন্ত্রপাতি ও অন্যান্য	থোক	থোক	৭৭.৯৯	থোক	**৭৭.৯৯**

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ		পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
		একক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব					
	সরঞ্জামাদি					
৮	কম্পিউটার এবং এক্সসরিজ	থোক	থোক	৫৪৬.৯৪	৪৫টি	৫৪৬.৯৪
৯	কম্পিউটার সফ্টওয়্যার	থোক	থোক	১৩৬.৮১	থোক	১৩৬.৮১
১০	আসবাবপত্র	থোক	থোক	৪৬.১৯	থোক	৪৬.১৯
১১	অন্যান্য ভৌত ও অবকাঠামো	থোক	থোক	৫১২.৬৯২	১০টি নতুন ভবন	৫১২.৬৯২
১২	মাটি ভরাট ও সাইট উন্নয়ন	থোক	থোক	৮.২২৭	০৩টি স্থানে	৮.১৭৬
১৩	সংযোগ সড়ক	থোক	থোক	৪৩.০০	১০টি নতুন ভবনে	৪৩.০০
১৪	সীমানা প্রাচীর পুনর্বাসন	থোক	থোক	২৯.৫১১	০২টি স্থানে	২৯.৪৭৪
১৫	সোলার প্যানেল (অনগ্রীড)	সংখ্যা	১০টি	৭৩.১৪	১২টি (১০টি নতুন ভবনে এবং ডাটা সেন্টার ও ডিআর সাইটে ০২টি)	৭২.৬৪
১৬	গভীর নলকূপ	সংখ্যা	০৩টি	৯.০০	০৩টি স্থানে	৮.৯৬৩
১৭	কন্টিনজেন্সি	--	--	৭.০০	--	০
	উপমোট (মূলধন):	**--**	**--**	**১৪৯০.৫০**	**--**	১৪৮২.৮৭৫
	সর্বমোটঃ	**--**	**--**	**১৫৪৭.০০**	**--**	**১৫৩৮.৮১**

৭.০ **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটির আওতায় উল্লেখযোগ্য কোন কাজ অসমাপ্ত নেই।

৮.০ **<u>সাধারণ পর্যবেক্ষণ:</u>**

৮.১ **<u>পটভূমি:</u>** সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত এবং চাকুরীরত সদস্যদের কল্যানার্থে তদানিন্তন বৃটিশ সরকারের অধীনে ১৯৪২ সালে "সোলজারস, সেইলরস ও এয়ারম্যান বোর্ড" প্রতিষ্ঠা লাভ করে। পরবর্তীতে পাকিস্তান সরকারের অধীনে উক্ত বোর্ড "পাকিস্তান সোলজারস, সেইলরস ও এয়ারম্যান বোর্ড" নামে কার্যক্রম পরিচালনা করে । এই সময় বোর্ডের কার্যত্রম ঢাকা, নোয়াখালী, চট্টগ্রাম, বাকেরগঞ্জ (বর্তমান বরিশাল) ও দিনাজপুর এই ০৫ টি জেলাতেই সীমাবদ্ধ ছিল । বাংলাদেশ স্বাধীনতা লাভের পর ১৯৭২ সাল হতে সংস্থা "বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড" নামে কার কার্যক্রম পরিচালনা করে আসছে । বাংলাদেশ সরকারের গেজেট নোটিফিকেশন নং ৪৪ এর বলে ১৯৭২ সালের ০২ নভেম্বর তারিখ জারিকৃত একটি সংশোধনী দ্বারা বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডকে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করা হয় । ঢাকার কাকরাইলে অবস্থিত সদর দপ্তর হতে বাংলাদেশ আর্মড সার্ভিসেস বোর্ড (বিএএসবি)-এ অধীনস্থ ডিস্ট্রিক আর্মড সার্ভিসেস বোর্ড (ডিএএসবি) অফিসগুলোর মাধ্যমে সারাদেশে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের কল্যাণমূলক কার্যত্রম পরিচালনা করে থাকে । বর্তমানে দেশের ২০টি জেলার অফিস চালু আছে এবং আরও ১০ টি জেলায় ডিএএসবি'র অফিস প্রতিষ্ঠার বিষয়টি সচিব কমিটিতে বিবেচনাধীন রয়েছে । অবশিষ্ট ৩৪ জেলায় ডিএএসবি'র অফিস প্রতিষ্ঠার বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রক্রিয়ধীন রয়েছে। তাছাড়া এই সংস্থার সাংগঠনিক কাঠামোতে জরবল এ সরঞ্জামাদি বৃদ্ধি করে যুগোপযোগী করার কার্যক্রম চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে। এমতাবস্থায়, প্রতিরক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ সশস্ত্র

বাহিনী বোর্ড (বিএএসবি)সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত এবং চাকুরীরত সদস্যদের কল্যানার্থে সেবামূলক কার্যাদি দ্রুত সম্পাদনের নিমিত্ত আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্য:** এ প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহ নিম্নরুপঃ

(ক) বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের দৈনন্দিন কার্যক্রমসমূহ নিবিড়ভাবে ইলেকট্রনিক পদ্ধতিতে মনিটরিং কার্যক্রম করা;
(খ) অবসরপ্রাপ্ত এবং তাদের পরিবারবর্গের জন্য দ্রুত কল্যাণমূলক সেবা অনলাইনের মাধ্যমে প্রদান করা;
(গ) অবসরপ্রাপ্ত এবং তাদের পরিবারবর্গের জন্য অনলাইন ভিত্তিক ডাটা বেইজ প্রতিষ্ঠা পূর্বক ওয়ান স্টপ কল্যাণমূলক সেবা প্রদান করা;
(ঘ) বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের হিসাবসমূহ স্বচ্ছভাবে ইলেকট্রনিক পদ্ধতিতে ব্যবস্থাপনা করা;
(ঙ) দ্রুত সেবা নিশ্চিত করা;
(চ) সকল কার্যক্রম কাগজপত্র ব্যতিত ইলেকট্রনিক পদ্ধতিতে অফিস পরিচালনা করা;
(ছ) অনলাইনে ডাটাবেইজ প্রতিষ্ঠার মাধ্যমে One Stop সেবা প্রদান করা;
(জ) অবসরপ্রাপ্তদের জন্য একটি কার্যকর ডাটাবেইজ প্রস্তুত করা;
(ঝ) বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের কার্য ক্ষমতার পরিধি বৃদ্ধি করা।

৮.৩ **প্রকল্পের মূল কার্যক্রম:**
ক) প্রশিক্ষণ প্রদান; খ) যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি সংগ্রহ; গ)কম্পিউটার এবং এক্সসরিজ ক্রয়; ঘ)কম্পিউটার সফ্টওয়্যার সংগ্রহ; ঙ)আসবাবপত্র ক্রয়; চ)অন্যান্য ভৌত ও অবকাঠামো নির্মাণ; ছ)মাটি ভরাট ও সাইট উন্নয়ন; জ)সংযোগ সড়ক নির্মাণ; ঝ)সীমানা প্রাচীর পুনর্বাসনকরণ; ঞ)সোলার প্যানেল (অনগ্রীড) স্থাপন ।

৮.৪ **অনুমোদন পর্যায় ও সংশোধন:** গত ০৮.০২.২০১৫ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ১৪৮৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী,২০১৫ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়নকাল জানুয়ারি, ২০১৫ হতে জুন, ২০১৮ পর্যন্ত ২ বছর বৃদ্ধি করা হয়। প্রয়োজনীয়তার নিরিখে প্রকল্পের আন্ত:খাত সমন্বয় করে গত ০১ জুন, ২০১৬ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের প্রশাসনিক আদেশ জারী করা হয়। পরবর্তীতে গত ০৪.০১.২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ১৫৪৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১৫ হতে জুন, ২০১৮ মেয়াদে ১ম সংশোধীত আকারে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়।

৮.৫ **প্রকল্প ব্যবস্থাপনা:** প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল		প্রকল্প পরিচালকের ধরন
		আরম্ভ	শেষ	
১	আহমেদ মর্তুজা রেজা, প্রকল্প পরিচালক	২৬-০৯-২০১৬	--	পূর্ণকালীন

৮.৬ **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
(গ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

৯.০ প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ

৯.১ **আর্থিক অগ্রগতিঃ**

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	প্রকল্প মেয়াদে (জুন, ১৮ পর্যন্ত) আর্থিক অগ্রগতি
১	২	৩	৪
২০১৫-১৬	৮	৮	৮

২০১৬-১৭	৫৬০	৫৬০	৫৬০
২০১৭-১৮	৯৭৯	৯৭৯	৯৭৯
মোট:	**১৫৪৭**	**১৫৪৭**	**১৫৪৭**

৯.২ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের দৈনন্দিন কার্যক্রমসমূহ নিবিড়ভাবে ইলেকট্রনিক পদ্ধতিতে মনিটরিং কার্যকর করা।	➢ পিসিআর পর্যালোচনা করে দেখা যায়, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের দৈনন্দিন কার্যক্রমসমূহ নিবিড়ভাবে ইলেকট্রনিক পদ্ধতিতে মনিটরিং করা হচ্ছে।
➢ অবসরপ্রাপ্ত এবং তাদের পরিবারবর্গের জন্য দ্রুত কল্যাণমূলক সেবা অনলাইনের মাধ্যমে প্রদান করা।	➢ প্রকল্প বাস্তবায়নের ফলে অবসরপ্রাপ্ত এবং তাদের পরিবারবর্গের জন্য দ্রুত কল্যাণমূলক সেবা অনলাইনে প্রদান করা হচ্ছে।
➢ অবসরপ্রাপ্ত এবং তাদের পরিবারবর্গের জন্য অনলাইন ভিত্তিক ডাটা বেইজ প্রতিষ্ঠা পূর্বক ওয়ান স্টপ কল্যাণমূলক সেবা প্রদান করা।	➢ জেলা সশস্ত্র বাহিনী বোর্ড অফিসে অবসরপ্রাপ্ত এবং তাদের পরিবারবর্গের জন্য অনলাইন ভিত্তিক ডাটা বেইজ প্রতিষ্ঠা পূর্বক ওয়ান স্টপ কল্যাণমূলক সেবা প্রদান করা হচ্ছে।
➢ বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের হিসাবসমূহ স্বচ্ছভাবে ইলেকট্রনিক পদ্ধতিতে ব্যবস্থাপনা করা।	➢ প্রকল্পের আওতায় সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের হিসাবসমূহ স্বচ্ছভাবে ইলেকট্রনিক পদ্ধতিতে ব্যবস্থাপনা করা হয়েছে।
➢ দ্রুত সেবা নিশ্চিত করা।	➢ ডাটা বেইজ কার্যকর হওয়ায় দ্রুত সেবা নিশ্চিত করা হচ্ছে।
➢ সকল কার্যক্রম কাগজপত্র ব্যতিত ইলেকট্রনিক পদ্ধতিতে অফিস পরিচালনা করা;	➢ সকল কার্যক্রম কাগজপত্র ব্যতিত ইলেকট্রনিক পদ্ধতিতে অফিস পরিচালনা করা হচ্ছে।

১০.০ **মনিটরিং:** আলোচ্য প্রকল্পটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক ভিন্ন ভিন্ন সময়ে পরিবীক্ষণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১১.০ **অডিট:**

১১.১ **অভ্যন্তরীণ অডিট: পিসিআর পর্যালোচনায় করে দেখা যায়**, প্রকল্পটির আওতায় অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয়েছে।

১১.২ External Audit: প্রকল্প চলাকালীন সময়ে External Audit সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে।

১২.০ **প্রকল্প পরিদর্শন:** আইএমইডি'র পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর উপ পরিচালক জনাব বাবুলাল রবিদাস, কর্তৃক "বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড অটোমেশন পদ্ধতি স্থাপন" (২য় সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের পিসিআর মূল্যায়নের জন্য পটুয়াখালী, বরিশাল, জামালপুর, ও ঢাকার কাকরাইল প্রধান কার্যালয়ে ভিন্ন ভিন্ন সময়ে পর্যায়ক্রমে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাস্তবায়নকারী সংস্থার অন্যান্য কর্মকর্তাগণ তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন।

১৩.০ **প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ প্রদত্ত প্রধান প্রধান অংগের আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে দেয়া হলোঃ

১৩.১ **কম্পিউটার এবং যন্ত্রাংশঃ** বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড অটোমেশন পদ্ধতি স্থাপনের জন্য বিদ্যমান ২০ টি জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) অফিসগুলোতে প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি যেমন:কম্পিউটার, সার্ভার রুমের আনুষাঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান ছিল। আরডিপিপি পর্যালোচনা করে দেখা যায়, Core i৫, ২GB, Windows ৮ or latest Virson এর ৪৫টি কম্পিউটার এবং অন্যান্য আনুষাঙ্গিক যন্ত্রাংশ ক্রয়ের জন্য ৫৪৬.৯৪ লক্ষ টাকার সংস্থান ছিল। বর্তমানে ২০ টি জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) এবং শান্তিনিবাস রংপুরসহ মোট ২১ স্থানে প্রতিটিতে ০২ টি করে মোট ৪২টি এবং সদর দপ্তর বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (বিএএসবি)'তে ০৩টিসহ মোট ৪৫টি কম্পিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রাংশ সরবরাহ করা হয়েছে। প্রতিটি সেন্টারেই সকল কম্পিউটার ব্যবহৃত হচ্ছে।

১৩.২ **সোলার প্যানেল (অনগ্রীড):** অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'তে ৬.৩ kwp এর ০২টি এবং ৩.৫ kwp এর ১০টি সহ সর্বমোট ১২টি সোলার প্যানেল (অনগ্রীড) ক্রয়ের জন্য ৭৩.১৪ লক্ষ টাকার সংস্থান ছিল। বর্তমানে ১০ টি জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) (কুমিল্লা, নোয়াখালী, বরিশাল, পটুয়াখালী, সিলেট, ময়মনসিংহ, জামালপুর, ফরিদপুর, যশোর এবং খুলনা) যেখানে এই প্রকল্পের আওতায় নতুন করে ১০টি সার্ভার রুম ও সার্ভিস সেন্টার ভবন নির্মিত হয়েছে সেখানে স্থাপন করা হয়েছে। এর ফলে গ্রীডের বিদ্যুৎ কম ব্যবহৃত হচ্ছে বলে প্রকল্প কর্মকর্তারা জানান।

১৩.৩ **ভৌত অবকাঠামো:** অনুমোদিত আরডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের আওতায় বাংলাদেশ আর্মড সার্ভিসেস-এর ১০টি জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (কুমিল্লা, নোয়াখালী, বরিশাল, পটুয়াখালী, সিলেট, ময়মনসিংহ, জামালপুর, ফরিদপুর, যশোর এবং খুলনা) এর জন্য বরাদ্দ ছিল ৫৪৬.৯৪ লক্ষ টাকা। অনুমোদিত নকসা অনুযায়ী ২ তলা ভিতে ২য় তলার একটি করে ১০টি ভবন নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। নির্মিত ভবনের নিচতলায় ২টি কক্ষ আছে যার মধ্যে একটি ডাটা এন্ট্রি রুম এবং অপরটি ওয়েটিং রুম, আর ২য় তলায় একটি অপারেটর রুম ও একটি সার্ভার রুম রাখা হয়েছে।

১৩.৪ **আসবাবপত্র সরবরাহ:** ডাটা এন্ট্রি রুম, ওয়েটিং রুম ও অপারেটর রুমের জন্য প্রয়োজনীয় সংখ্যক আসবাবপত্র সরবরাহ করা হয়েছে। পরিদর্শনে গিয়ে দেখা যায়, আকতার ফার্ণিচার থেকে সোফা, অফিস টেবিল, কনফারেন্স টেবিল, ভিজিটর চেয়ার, কম্পিউটার টেবিল, চেয়ার ইত্যাদি প্রকল্প দপ্তর থেকে সরবরাহ করা হয়েছে। বর্ণিত আসবাবপত্রগুলোও প্রকল্পের আওতায় নতুন ভবনে ব্যবহৃত হচ্ছে ।

১৩.৫ **প্রশিক্ষণঃ** অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৬০ জন ব্যক্তিকে ০৪ দিনব্যাপী ডাটা এন্ট্রি ও

সফটওয়্যারের উপর প্রশিক্ষণের আওতায় আনার কথা বলা ছিল । প্রশিক্ষণার্থীদের আবেদন এবং বাস্তব প্রয়োজনীয়তার বিষয়টি বিবেচনায় ১২০ জনকে ০৮ দিন করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । বর্তমানে তারা তাদের অফিসে আগত সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের সকল ডাটা অটোমেশন সফটওয়্যারে লিপিবদ্ধ এবং অফিসের সকল কাজ অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন করছে ।

১৪.০ **উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ** : প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৫.০ **পর্যবেক্ষণ:**

১৫.১ প্রকল্পের আওতায় ৫.৪৬ কোটি টাকা ব্যয়ে ৪৫টি কম্পিউটার ও অন্যান্য আনুসাঙ্গিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। দেশের ২০টি জেলা সশস্ত্র বাহিনী বোর্ড অফিসে এ সব যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে। কয়েকটি কেন্দ্রে পরিদর্শনকালে এ সব কম্পিউটার সাভার রুমে চালু অবস্থায় পাওয়া গেছে। তবে যে কোন সময়ে যান্ত্রিক ত্রুটি পরিলক্ষিত হতে পারে। ওয়ারেন্টির সময়ে সরবরাহকারীদের নিকট থেকে সাময়িক সেবা পাওয়া যাচ্ছে। ওয়ারেন্টি মেয়াদের পরও যাতে সার্ভার রুমের সেবা কার্যক্রম ব্যহত না হয় সেদিকে লক্ষ্য রাখা প্রয়োজন ।

১৫.২ দেশের ১০টি জেলা সশস্ত্র বাহিনী বোর্ড অফিসে যেখানে সার্ভার রুম ও সার্ভিস সেন্টার ভবন নির্মিত হয়েছে সেখানে ৩.৫ Rwp এর ১০টি সোলার প্যানেল (অনগ্রিড) বসানো হয়েছে। এই অনগ্রিড সোলার প্যানেল বসানো ফলে বিদ্যুৎ খরচ কম হচ্ছে বলে প্রকল্প কর্তৃপক্ষের দাবী। তবে পূর্বের তুলনায় কি পরিমান বিদ্যাৎ খরচ কম তার কোন তথ্য উপাত্ত কর্তৃপক্ষের কাছে নেই। ফলে সোলার প্যানেল স্থাপনের প্রভাবটি ঠিক বুঝা যাচ্ছে না।

১৫.৩ সার্ভার রুম ও সার্ভিস সেন্টারের জন্য কম্পিউটারসহ যে সব যন্ত্রপাতি স্থাপিত হয়েছে তার সফল পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রতিষ্ঠানটির অপারেশনাল ও মেইনটেনেন্স ব্যয় নির্বাহের জন্য বাস্তবায়নকারী সংস্থার একটি সুনির্দিষ্ট আর্থিক ও কর্ম-পরিকল্পনা থাকা প্রয়োজন।

১৫.৪ সার্ভিস সেন্টারের গাছের উপরে সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। পটুয়াখালী কেন্দ্রে পরিদর্শনকালীন দেখা যায় গাছের পাতা পড়ে প্যানেলগুলিতে স্তুপ হয়ে আছে। ফলে প্যানেলগুলোর কার্যক্ষমতা নষ্ট হতে পারে।

১৫.৫ "বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড অটোমেশন পদ্ধতি স্থাপন" (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন কাজ জুন, ২০১৮-তে সম্পন্ন হয়েছে। প্রকল্পটির বাস্তবায়নাধীন সময়ে কোন Exit Plan ছিল না। বর্তমানে প্রকল্পটির আওতায় যে অবকাঠামো ও অন্যান্য সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার পরিচালনার জন্য সামরিক বাহিনীর রাজস্ব বাজেট থেকে ব্যয় নির্বাহ করা হচ্ছে। সমাপ্ত প্রকল্পের ভবিষ্যত দিক বিবেচনায় রেখে একটি Exit Plan থাকা প্রয়োজন ছিল।

১৫.৮ প্রকল্পটি ১৮মাস মেয়াদে বাস্তবায়নের জন্য গৃহীত হলেও এর প্রকৃত বাস্তবায়নকাল ৪২ মাস। অতিক্রান্ত সময় ১৩৩%।

১৬.০ **সুপারিশঃ**

১৬.১ প্রকল্পের আওতায় ৫.৪৬ কোটি টাকা ব্যয়ে ২০টি জেলা ডিএসবি অফিসের জন্য সার্ভার রুম ও ডাটা সেন্টার স্থাপন করা হয়েছে। তাই সার্ভার রুম ও ডাটা সেন্টার সঠিকভাবে পরিচালনা ও এর রক্ষণাবেক্ষনের জন্য দক্ষ জনবল তৈরী করতে হবে। (অনুচ্ছেদ-১৫.১)

১৬.২ প্রকল্পের আওতায় দেশের ১০টি জেলায় সার্ভার সেন্টারের ছাদে সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। সোলার প্যানেলের ছাদে গাছের পাতা ও অন্যান্য আবর্জনা স্তুপ হয়ে থাকলে প্যানেলের কার্যক্ষমতা নষ্ট হবে বিধায় নিয়মিত প্যানেলগুলো পরিস্কার রাখা প্রয়োজন (অনুচ্ছেদ-১৫.৪)।

১৬.৩ টেকসইভাবে পরিচালনা ও এর নিয়মিত রক্ষণাবেক্ষণার্থে বাস্তবায়নকারী সংস্থার একটি সুনির্দিষ্ট আর্থিক ও কর্ম-পরিকল্পনা রাখা যেতে পারে (অনুচ্ছেদ-১৫.৩)।

১৬.৪ ভবিষ্যৎ প্রকল্প গ্রহণের সময় বাস্তবায়নযোগ্য মেয়াদকাল বিবেচনা করতে হবে। ১৩৩% Time over run কোন ভাবে কাম্য নয়।

১৬.৫ "বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড অটোমেশন পদ্ধতি স্থাপন" (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন কাজ জুন, ২০১৮-তে সম্পন্ন হয়েছে। প্রকল্পটির বাস্তবায়নাধীন সময়ে কোন Exit Plan ছিল না। বর্তমানে প্রকল্পটির আওতায় যে অবকাঠামো ও অন্যান্য সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার পরিচালনার জন্য সামরিক বাহিনীর রাজস্ব বাজেট থেকে ব্যয় নির্বাহ করা হচ্ছে। সমাপ্ত প্রকল্পের ভবিষ্যত দিক বিবেচনায় রেখে একটি Exit Plan থাকা প্রয়োজন।